গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নোয়াখালী
ww.noakhali.gov.bd

স্মারকনং ১৬.০১.৭৫০০.০২২.১৫.০২৮.২৫

তারিখ :২৭/অক্টোবর/২০২৬খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা ২০২৬ এর নির্দেশনা মোতাবেক নোয়াখালী জেলা মডেল মসজিদ এর জন্য নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে জেলা প্রশাসক, নোয়াখালী বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বয়স	মাসিক সম্মানী (সর্ব সাকুল্যে)	যোগ্যতা
১.	মুয়াজ্জিন	০১টি	অনূর্ধ্ব ৩২ বছর	নতুন নীতিমালা অনুযায়ী ১৫,০০০.০০ পুরাতন নীতিমালা অনুযায়ী ১০,০০০.০০	ক. **শিক্ষাগত যোগ্যতা:** ১.বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে আলিম অথবা "আল-হাইয়াতুল উলইয়া লিল-জামিয়াতি কওমিয়া বাংলাদেশ" স্বীকৃত কোনো কওমী মাদ্রাসা হতে কমপক্ষে সানবিয়্যা উলইয়া অথবা দাখিলসহ উচ্চ মাধ্যমিক পাশ। ২. হাফিয বা ক্বারী ও প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার থাকবে। খ. **অন্যান্য যোগ্যতা:** ১.ইসলামী জীবনাচরণে অভ্যস্থতা। ২. বিশুদ্ধ কুরআন তিলাওয়াত ও সুললিত কণ্ঠে আযান দেয়ার পারদর্শিতা। ৩. ইসলাম ধর্মীয় বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান।

বি:দ্রঃ নিয়োগ প্রাপ্তির পর মডেল মসজিদ পরিচালনা নীতিমালা ২০২১ অনুসারে প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত সম্মানী প্রাপ্য হবেন। পরবর্তীতে মডেল মসজিদ ব্যবস্থাপনা নীতিমালা ২০২৬ এর ১৭ অনুচ্ছেদ উল্লেখিত সম্মানী অনুমোদন হওয়ার পর উক্ত অনুচ্ছেদে প্রতিটি পদের বিপরীতে উল্লেখিত সম্মানী প্রাপ্য হবেন।

শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী স্থায়ী নাগরিক হতে হবে। এ ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০২। স্থায়ী জনবল কাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত বর্ণিত সর্বসাকুল্যে সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেওয়া হবে।

০৩। আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) বয়স (ঞ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। www.noakhali.gov.bd লিংকের নোটিশ বোর্ডে আবেদন করার নমুনা ফরমেট পাওয়া যাবে।

০৪। আবেদন পত্রের সাথে (ক) ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ পত্র (খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি (গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (ঘ) সকল শিক্ষাগত যোগ্যাতা সনদ, মার্কশীট ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৫। প্রার্থীর বয়স ৩০/১১/২০২৬ইং তারিখের মধ্যে ১৮-৩২ বছর বয়স হতে হবে।

০৬। আবেদন পত্রের সাথে ২০০ (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ইসলামিক ফাউন্ডেশন, নোয়াখালী বরাবর সংযুক্ত করতে হবে।

০৭। জেলা প্রশাসক ,নোয়াখালী বরাবর লিখিত আবেদন আগামী ৩০/১১/২৬খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয় অথবা উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জেলা কার্যালয়, ডিসি অফিস রোড, নোয়াখালী বরাবর পৌছাতে হবে।

০৮। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে।

০৯। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে বিষয়টি প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১২। যে কোন আবেদনপত্র গ্রহণ, বাতিল করার ক্ষমতা কোন কারণ দর্শানো ব্যাতিরেকে কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৭.১০.২০২৬

মুহাম্মদ শফিকুল ইসলাম
জেলা প্রশাসক, নোয়াখালী
ও
সভাপতি
জেলা মডেল মসজিদ পরিচালনা কমিটি, নোয়াখালী

বরাবর
জেলা প্রশাসক
নোয়াখালী

০১.	পদের নাম ঃ		
০২.	প্রার্থীর নাম ঃ	বাংলায় ঃ	
		ইংরেজিতে (বড়অক্ষরে) ঃ	
০৩.	পিতার নাম ঃ		
০৪.	মাতার নাম ঃ		
০৫.	ঠিকানাঃ	বর্তমানঃ	স্থায়ীঃ
	বাসা ও সড়ক (নাম ও নম্বর)		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্ট কোড নং:		
	উপজেলা:		
	জেলা:		
০৬.	জন্ম তারিখঃ		
০৭	৩০/১১/২০২৬খ্রি. তারিখে প্রার্থীর বয়স		
০৮.	জাতীয়তা:	১০. জেন্ডার:	
০৯.	ধর্ম:	১১. পেশা:	
১২.	জাতীয় পরিচয় পত্র নম্বরঃ		
১৩.	যোগাযোগঃ মোবাইল/টেলিফোন নম্বরঃ		
১৫.	শিক্ষাগত যোগ্যতা :		

ক্রম	পরীক্ষার নাম	গ্রুপ/বিষয়	পাশের সন	রোলনং	বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম	জিপিএ/সিজিপিএ/বিভাগ
০১.						
০২						
০৩						
০৪						

১৬.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) :
১৭.	অভিজ্ঞতার বিবরণ :

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরেবর্ণিত সকল তথ্য সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময়ে উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ড পত্র উপস্থাপন করবো। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ যে কোন সময় নির্বাচন বাতিল করতে পারবেন।

তারিখ:	দি	ন	মা	স	ব	ৎ	স	র	
									প্রার্থীর স্বাক্ষর

সংযুক্তিঃ

০১. ইউনিয়ন/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ পত্র
০২. ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি
০৩. ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্র
০৪. সকল শিক্ষাগত যোগ্যাতার সনদ, মার্কশীট ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি
০৫. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
০৬. পে- অর্ডারের কপি